

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০১.০০.০০২.২০১৩- ১৬৭

তারিখঃ ০৪/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ
২০/০৪/১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০২.০১৩.২০১৩-৬৯৩, তারিখঃ ১৩/০৪/২০১৫ খ্রিঃ।
(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/আউট সোর্সিং-৫২/২০১৪/৩৫৩৪, তারিখঃ ১২/০৭/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন জেলায় ১৫৩টি উপজেলা হাসপাতালকে ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত তালিকা অনুযায়ী ১৪৫টি হাসপাতালের জন্য ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট ৫৮০টি পদে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্ত ১নং সূত্রোক্ত স্মারকে প্রশাসনিক অনুমোদন করা হয়। তন্মধ্যে ক্রমিক নং-২২ এ বর্ণিত সাতক্ষীরা জেলার ০৩টি উপজেলা হাসপাতালের মধ্যে কালীগঞ্জ ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতাল এর স্থলে কলারোয়া ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ হাসপাতাল হবে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হল।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মঃ পরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, সাতক্ষীরা।
- ২। উপসচিব(বাজেট অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, -----।
- ৫। যুগ্ম সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/২সি-০৫/২০০০/ ১৩১৮

তারিখঃ ০৪/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ
২০/০৪/১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ কুড়িগ্রাম ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম কার্যালয়ে ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/ছাড়পত্র/রংপুর বিভাগ/২০১০/২৭১৪, তারিখঃ ২৬/০৫/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৩/২০১২ তারিখের স্বাপকম/প্রশা-১/২সি-০৭/২০০৬(অংশ-১)/৪৪৪ সংখ্যক স্মারকের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণপূর্বক কুড়িগ্রাম ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম কার্যালয়ে ৩য় ও ৪র্থ শ্রেণির ১৩টি শূন্য পদের মধ্যে ১০% হারে ০১টি পদ (স্টেচার বেয়ারার) সংরক্ষণ রেখে নিম্নোক্ত ১২টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল ও নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ
কুড়িগ্রাম ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম।	১	কম্পিউটার অপারেটর	০১(এক)টি	০১(এক)টি	
	২	সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১(এক)টি	০১(এক)টি	
	৩	রিসিপশনিষ্ট	০১(এক)টি	০১(এক)টি	
	৪	কার্ডিওগ্রাফার	০১(এক)টি	০১(এক)টি	
	৫	ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার	০১(এক)টি	০১(এক)টি	
	৬	লিলেন কিপার	০১(এক)টি	০১(এক)টি	
	৭	টিকেট ক্লার্ক	০১(এক)টি	০১(এক)টি	
	৮	ওয়ার্ড মাস্টার	০১(এক)টি	০১(এক)টি	
	৯	পাম্প/জেনারেটর অপারেটর	০১(এক)টি	০১(এক)টি	
	১০	স্টেরিলাইজার-কাম-মেকানিক	০১(এক)টি	০১(এক)টি	
	১১	স্টেচার বেয়ারার	০১(এক)টি	-----	০১(এক)টি
	১২	ডার্করুম সহকারী	০১(এক)টি	০১(এক)টি	
	১৩	ও.টি বয়	০১(এক)টি	০১(এক)টি	
		সর্বমোট ১৩ (তের)টি	মোট ১২(বার)টি		

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধি ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় কোন গরমিল/ভারতম্য হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।


(মোঃ রেজাউল কারিম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। যুগ্ম সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।